**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 27-07-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৪তম পর্ব| এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে| অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে| অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে| এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে|

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ মজলিসপুর বিধানসভা এলাকার জয়নগরে প্রধানমন্ত্রী মন কি বাত অনুষ্ঠান শুনবেন | পর্যটন ও পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী ও উপস্থিত থাকবেন |

*******************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার জনজাতিদের উন্নয়নের লক্ষ্যে বহুমুখী পদক্ষেপ গ্রহণ করেছে। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে এন.জি.ও পরিচালিত বোর্ডিং হাউসগুলি থেকে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ ও সি.বি.এস.সি বোর্ডের অন্তর্গত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক

পরীক্ষায় কৃতি ছাত্রছাত্রীদের প্রথমবারের মতো সম্বর্ধনা জ্ঞাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। অল ত্রিপুরা এন.জি.ও বোর্ডিং ওয়েলফেয়ার সোসাইটি এই অনুষ্ঠানের আয়োজন করে মুখ্যমন্ত্রী বলেন,

######Byte-CM#####

অনুষ্ঠানে জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেব্বর্মা বলেছেন, রাজ্য সরকার এডিসি এলাকার সার্বিক উন্নয়নে কাজ করছে।

***************************

**Paddy procurement-South :**

রাজ্যের কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে চলতি রবি মরশুমে উৎপাদিত ধান ক্রয় গতকাল থেকে শুরু হয়েছে| খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল সাব্রুমের বটতলায় ধান ক্রয়ের রাজ্যভিত্তিক কর্মসূচির সূচনা করেন| তিনি বলেন, খাদ্য ও কৃষি দপ্তরের যৌথ উদ্যোগে এবছর রাজ্যে মোট ৩১টি ধান ক্রয় কেন্দ্রের মাধ্যমে ৩০ হাজার মেট্রিক টন ধান কেনার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। বর্তমানে ধানের ন্যূনতম সহায়ক মূল্য নির্ধারণ করা হয়েছে প্রতি কেজি ২৩ টাকা| খাদ্যমন্ত্রী গতকাল সাব্রুমের বটতলা বাজারে কৃষকদের উৎপাদিত পণ্য বিক্রি করার জন্য ৩ কোটি ৫৩ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত দ্বিতল গ্রামীণ কৃষি বিপণন বাজারেরও উদ্বোধন করেন|

*****************

**M.P.s Awarded .**

সতেরো জন সংসদ সদস্যকে তাদের উল্লেখ যোগ্য অবদানের জন্য গতকাল নয়াদিল্লিতে এক অনুষ্ঠানে, ২০২৫ সালের সংসদ রত্ন পুরস্কারে ভূষিত করা হয়েছে। এই সংসদ সদস্যদের মধ্যে রয়েছেন বিজেপির রবি কিষাণ এবং দীনেশ শর্মা, কংগ্রেসের বর্ষা গায়কওয়াড়, এনসিপি-এসপির সুপ্রিয়া সুলে এবং

শিবসেনা- উদ্ধব ঠাকরে গোষ্ঠির সাংসদ আরবিন্দ শাওন্ত ।একটি বে- সরকারী সংস্থার আয়োজিত এই পুরষ্কার প্রদান অনুষ্ঠানে সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলতে গিয়ে সংসদ বিষয়ক কেন্দ্রীয় মন্ত্রী কিরণ রিজিজু বলেছেন, এই পুরস্কার, সাংসদদের চমৎকার কার্যকলাপের এক স্বীকৃতি।

*****************

**Power maintenance..**

ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম থেকে জানানো হয়েছে প্রাক- পূজা মেরামতের জন্য আজ আগরতলার প্রগতি বিদ্যুৎ সাবষ্টেশনের অন্তর্গত সব কয়টি ১১ কিলোভোল্টের ফিডার রক্ষণাবেক্ষণ করা হবে। আজ সকাল ৮ টা থেকে দুপুর ২ টা পর্যন্ত এই মেরামত ও রক্ষনাবেক্ষনের কাজ করা হবে। এর জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থায় বিঘ্ন ঘটতে পারে বলে জানানো হয়।

*****************

**Kargil Vijay Divas :**

কার্গিল বিজয় দিবস উপলক্ষে গতকাল শান্তিরবাজার শহরে বিজেপি দলের যুব মোর্চার উদ্যোগে একটি মশাল মিছিল করা হয়। বিধায়ক সুশান্ত দেব, যুব মোর্চার জেলা সভাপতি বিপুল ভৌমিক প্রমুখ এই মশাল মিছিলে অংশ নেন। মিছিলটি শান্তিরবাজার শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। দেবীপুরের ধর্মান্কুর সোসাইটির উদ্যোগেও কার্গিলে শহীদ হওয়া ভারতীয় বীর সেনাদের প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পন করা হয়|

********************।

**.Tripura Cricket C.M.**

ত্রিপুরা রাজ্য আরও একটি ক্রিকেট মাঠ এবং ক্রিকেট খেলোয়াড়দের উপযুক্ত প্রশিক্ষনের জন্য একটি ট্রেনিং একাডেমি পেতে চলেছে।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল,আগরতলায় ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনের নতুন আজীবন সদস্যদের নিয়ে আয়োজিত এক অনুষ্ঠানে এই ঘোষণা করেন। মুখ্যমন্ত্রী বলেন, সাব্রুমে একটি নতুন ক্রিকেট মাঠ তৈরির জন্য ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশনকে প্রয়োজনীয় জমির জন্য অনুমোদন দেওয়া,হয়েছে। তিনি বলেন, আমাদের অবশ্যই ক্রিকেটারদের জন্য সঠিক প্রশিক্ষণ ব্যবস্থা নিশ্চিত করা উচিত। এই লক্ষ্যে একটি ক্রিকেট একাডেমি স্থাপন করা হবে। অনুষ্ঠানে ক্রীড়া মন্ত্রী টিংকু রায়ও উপস্থিত ছিলেন।

****************

**Under-18 Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত অনূর্ধ্ব ১৮ বছরের ক্লাব ক্রিকেট প্রতিযোগিতা গতকাল তিনটি খেলা হয়। নরসিংগড়ের পিটিএ মাঠে মৌচাক ক্লাব ১০ উইকেটে সংহতি ক্লাবকে, টিআইটি মাঠে ইউনাইটেড বি এস টি ৯ উইকেটে ওল্ড প্লে সেন্টারকে এবং তালতলা মাঠে স্ফুলিঙ্গ ক্লাব ৭ উইকেটে বনমালীপুর ক্রিকেট ক্লাবকে পরাজিত করে।

*************

**Weather..**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি বৃষ্টি পাত হবে। দক্ষিণ, গোমতী, সিপাহীজলা, পশ্চিম জেলা ও ধলাই জেলার কোথাও কোথাও বজ্র-বিদ্যুৎ সহ, দুএক পশলা ভারী বৃষ্টি পাতের সতর্কতা রয়েছে। আগরতলা ও তার আশেপাশে আজ ভোর পর্যন্ত গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৪৯.৯ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.১ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি।

*****************